

## নমুনা প্রশ্নপত্র

Class IX : বাংলা : ষাণ্মাসিক পরীক্ষা : ২০২২-২৩ : নম্বর - ৮০

### I. সঠিক উত্তরটি লেখো :-

1x10

- ১। 'লবকুশের যজ্ঞাশ্ব বন্ধন' কবিতাটি রামায়ণের যে কাণ্ডের অন্তর্গত –  
(অ) অরণ্যকাণ্ড (আ) অযোধ্যা কাণ্ড  
(ই) সুন্দর কাণ্ড (ঈ) উত্তর কাণ্ড
- ২। মুনিবর তপস্যা করতে গেলেন যেখানে –  
(অ) হিমালয়ে (আ) হরিদ্বারে  
(ই) চিত্রকূটে (ঈ) কন্যাকুমারীতে
- ৩। সত্যপালন করে স্বর্গবাসে গেলেন যিনি –  
(অ) জনক ঋষি (আ) রাজা দশরথ  
(ই) রাজা হরিশ্চন্দ্র (ঈ) সুগ্রীব
- ৪। “ ——— করে আর রাখিয়ো না ধরে। ” — শূন্যস্থানে হবে –  
(অ) চিরকুমার (আ) চিরযুবক  
(ই) চিরবৃদ্ধ (ঈ) চিরশিশু
- ৫। বঙ্গমাতার সন্তানের সংখ্যা ছিল –  
(অ) তিনকোটি (আ) পাঁচকোটি  
(ই) সাতকোটি (ঈ) বারোকোটি
- ৬। প্রফুল্লের বাপের বাড়ি যেখানে –  
(অ) শিবপুর (আ) দুর্গাপুর  
(ই) হরিপুর (ঈ) বিলাসপুর
- ৭। “কী করব মা, জেতের ভয়।” — কথাটি বলেছেন প্রফুল্লের –  
(অ) শ্বশুর (আ) শাশুড়ি  
(ই) ননদ (ঈ) দেবর
- ৮। প্রফুল্লের শ্বশুর ছিলেন একজন –  
(অ) জমিদার (আ) নায়েব  
(ই) গোমস্তা (ঈ) দেওয়ান
- ৯। বাড়ি-ভেতরের ছাদটা ছিল যাদের দখলে –  
(অ) ছেলেদের (আ) মেয়েদের  
(ই) চাকরদের (ঈ) গুবুজনদের
- ১০। সঞ্জিনীরা মায়ের চারদিকে ঘিরে বসে যা করত –  
(অ) চা খেত (আ) পান খেত  
(ই) গল্প করত (ঈ) মহাভারত পড়ত

### II. নীচের প্রতিটি প্রশ্নের এক-একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-

1x20

- ১১। 'লবকুশের যজ্ঞাশ্ব বন্ধন' কবিতাটির কবির নাম কি ?  
১২। দৈবের নির্বন্ধে ঘোড়া কোথায় উপস্থিত হলো ?  
১৩। অশ্বমেধ যজ্ঞের ঘোড়াটি কারা বেঁধে রেখেছিলেন ?  
১৪। রাজা দশরথের জন্ম হয় কোন্ বংশে ?

[ Contd...P/2 ]

- ১৫। 'বঙ্গমাতা' কবিতাটির উৎসগ্রন্থের নাম কী ?
- ১৬। 'বঙ্গমাতা' কবিতায় কবি কাদের মানুষ হতে বলেছেন ?
- ১৭। শীর্ণ শান্ত সাধু কারা ?
- ১৮। 'বঙ্গমাতা' কবিতাটির কবির নাম কী ?
- ১৯। প্রফুল্ল কার সঙ্গে স্বশুর বাড়িতে আসে ?
- ২০। প্রফুল্লের বিয়েতে কারা কেবল দই-চিড়া আহার করল ?
- ২১। "ওগো, চিনেছি গো!" — কথাটির বক্তা কে ?
- ২২। প্রফুল্ল মুখে কত হাত ঘোমটা টেনে দিয়েছিল ?
- ২৩। কার জীবনে বাইরের খোলা ছাদ ছুটির দেশ ছিল ?
- ২৪। গুরুমশায়ের পাঠশালা কোথায় বসত ?
- ২৫। লেখক কার আমসত্ত্ব পাহারা দিতেন ?
- ২৬। তেতলার ঘরে কার জায়গা ছিল ?
- ২৭। ইচ্ছাঠাকবুণ কাদের মনের ইচ্ছার কথা জানতে পারলেন ?
- ২৮। স্কুলে যাবার দিন কার পেট কামড়াচ্ছিল ?
- ২৯। সুশীলকে ব্যাকরণ মুখস্থ করার কথা কে বলত ?
- ৩০। 'ইচ্ছাপূরণ' গল্পটি কার লেখা ?

### III. নীচের দুটি প্রশ্নের উত্তর দাও :-

5x2

- ৩১। "রেখেছ বাঙালি করে - মানুষ করনি।"
- (অ) উদ্ভূতাংশটি কোন্ কবিতার অন্তর্গত ?
- (আ) কার কাছে এই অভিযোগ ?
- (ই) উদ্ভূতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

"জয়পত্র দেখি দুই ভাই কোপে জ্বলে।"

- (অ) জয়পত্রটি কোথায় ছিল ?
- (আ) 'দুইভাই' কে কে ?
- (ই) 'দুইভাই' এর কোপের কারণ কী ?

- ৩২। "তা মেয়েটি লক্ষ্মী, বুপেও বটে, কথায়ও বটে।"

- (অ) উদ্ভূত অংশটির বক্তা কে ?
- (আ) এখানে 'মেয়েটি' কে ?
- (ই) একথা বলার কারণ কী ?

অথবা

"আমার জীবনে বাইরের খোলা ছাদ ছিল প্রধান ছুটির দেশ।"

- (অ) কোন্ ছাদের কথা বলা হয়েছে ?
- (আ) লেখকের জীবনে বাইরের এই খোলা ছাদ কীভাবে ছুটির দেশ ছিল, তা সংক্ষেপে আলোচনা করো।

### IV. উত্তর দাও :-

- ৩৩। 'লবকুশের যজ্ঞস্ব বন্ধন' কবিতায় লবকুশের সাহসিকতার পরিচয় সংক্ষেপে বর্ণনা করো। 3
- ৩৪। প্রফুল্লের প্রতিবাসীরা কীভাবে একটা বড়ো রকমের শোধ নিল তা সংক্ষেপে বর্ণনা করো। 3

- ৩৫। (অ) 'ইচ্ছাপূর্ণ' গল্পে বাবা সুবলচন্দ্রের মনের ইচ্ছা কী ছিল ?  
 (আ) ছেলে সুশীলচন্দ্রের মনেই বা কী ইচ্ছা ছিল ? 2+2
- অথবা**
- (অ) ছেলের বয়স পেয়ে বৃন্দ সুবলচন্দ্রের শরীরের কী কী পরিবর্তন হয়েছিল ?  
 (আ) বাপের বয়সী হয়ে সুশীলচন্দ্রের কী কী শারীরিক পরিবর্তন হয়েছিল ? 2+2
- ৩৬। চলিত গদ্যে রূপান্তর করো :- 6(12x½)  
 প্রফুল্ল কাঙালের মেয়ে বলিয়া যে হরবল্লভবাবু তাঁহাকে ঘৃণা করিতেন তাহা নহে। বিবাহের পরে একটা গোল হইয়াছিল। হরবল্লভ কাঙাল দেখিয়াও ছেলের বিবাহ দিয়াছিলেন। মেয়েটি পরমাসুন্দরী, তেমন মেয়ে আর কোথাও পাইলেন না, তাই সেখানে বিবাহ দিয়াছিলেন।
- V. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :- (প্রতিটি থেকে তিনটি উত্তর করতে হবে) 3x4
- ৩৭। সম্বন্ধ বিচ্ছেদ করো :- 3  
 পরীক্ষা, যথেষ্ট, শীতাত, রাজর্ষি।
- ৩৮। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো :- 3  
 রান্নাঘর, লবকুশ, ভাইফোঁটা, নীলাকাশ।
- ৩৯। উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন করো :- 3  
 প্রতি, অনা, ভরা, বদ।
- ৪০। একপদে পরিণত করো :- 3  
 আগে যা হয়নি, আগুনের ফুলকি, উপকারীর উপকার স্বীকার করে যে, এক পাড়ার লোক।
- VI. উত্তর দাও :-
- ৪১। ঘন ঘন বিদ্যুৎ চপলতায় তোমাদের এলাকাবাসী যে অসুবিধার সম্মুখীন হচ্ছে, এ বিষয়ে স্থানীয় কোন পত্রিকার সম্পাদকের কাছে একটি পত্র লেখো। 4
- ৪২। তোমার বিদ্যালয়ে সম্প্রতি পুরস্কার বিতরণী সভা হয়েছে। এ সম্পর্কে পত্রিকার জন্য একটি রিপোর্ট রচনা কর। (আশিটি শব্দের মধ্যে) 4
- ৪৩। ভাবসম্প্রসারণ করো :- 4  
 স্বার্থমগ্ন যে-জন বিমুখ  
 বৃহৎ জগৎ হতে, সে কখনো শেখেনি বাঁচিতে।

## নমুনা প্রশ্নপত্র

Class IX : বাংলা : বার্ষিক পরীক্ষা : ২০২২-২৩ : নম্বর - ৮০

### I. সঠিক উত্তরটি লেখো :-

1x10

- ১। 'ঝিঙে ফুল' কবিতাটির কবির নাম হলো –  
(অ) রবীন্দ্রনাথ ঠাকুর (আ) সত্যেন্দ্রনাথ দত্ত  
(ই) কাজী নজরুল ইসলাম (ঈ) কামিনী রায়
- ২। “———— ডেকে যায়” — শূন্যস্থানটিতে হবে –  
(অ) মৌমাছি (আ) প্রজাপতি  
(ই) ভ্রমর (ঈ) বোলতা
- ৩। শিশুটি ভূমিষ্ঠ হয়েছে দিনের যে সময়ে –  
(অ) দুপুরে (আ) বিকেলে  
(ই) প্রভাতে (ঈ) রাতে
- ৪। কবি নতুন শিশুকে আশীর্বাদ করবেন যা দিয়ে –  
(অ) দেহের রক্ত দিয়ে (আ) হাত দিয়ে  
(ই) ফুল দিয়ে (ঈ) ধান-দুর্বা দিয়ে
- ৫। নতুন শিশুকে ছেড়ে দিতে হবে যা –  
(অ) ঘর-বাড়ি (আ) স্থান  
(ই) গ্রাম (ঈ) শহর
- ৬। “মা টের পেলে কিন্তু পিঠের ছাল তুলবে।” — কথাটি বলেছে –  
(অ) অপু (আ) নীলু  
(ই) সতু (ঈ) দুর্গা
- ৭। গাড়ি থেকে যাবার সময় হরিহর যাকে নিয়ে গেলেন –  
(অ) স্ত্রীকে (আ) মেয়েকে  
(ই) ছেলেকে (ঈ) ভৃত্যকে
- ৮। খেজুর গুড় বোঝাই গরুর গাড়ি যেখানে যেত –  
(অ) নবাবগঞ্জের হাটে (আ) আষাঢ়ুর হাটে  
(ই) নিশিচন্দিপুরের হাটে (ঈ) দুর্গাপুরের হাটে
- ৯। ভগবান গড়িয়াকে রূপ দেওয়া হয় যার সাহায্যে –  
(অ) মাটির (আ) পাথরের  
(ই) কাঠের (ঈ) বাঁশের
- ১০। ত্রিপুরীদের জাতীয় উৎসব বলা হয় যে পূজাকে –  
(অ) গড়িয়া পূজা (আ) খারচি পূজা  
(ই) কের পূজা (ঈ) গঙ্গা পূজা

### II. নীচের প্রতিটি প্রশ্নের এক-একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-

1x20

- ১১। কোন্ রঙের পাতার দেশে ঝিঙেফুল ফোটে ?  
১২। ঝিঙেফুল ফোটার গান দিনের কোন্ সময়ে শোনা যায় ?  
১৩। বাঁটা ছিঁড়ে চলে আসার ডাক কে দেয় ?  
১৪। ছাড়পত্র পাওয়ার খবর কার মুখে জানা গেল ?

[ Contd...P/2 ]

- ১৫। কবি কার জন্য নিজের স্থান ছেড়ে চলে যেতে চান ?
- ১৬। নবজাতকের কাছে কবির দৃঢ় অঙ্গীকার কী ?
- ১৭। ভূমিষ্ঠ শিশু কীভাবে তার অধিকার ব্যক্ত করে ?
- ১৮। “তারপর হব ইতিহাস।” — কে ‘ইতিহাস’ হবেন ?
- ১৯। অপু ও দুর্গা দক্ষিণ মাঠে কী খুঁজতে গিয়েছিল ?
- ২০। নবাবগঞ্জের পাকা সড়কের মতো উঁচু রাস্তা দিয়ে কী যায় ?
- ২১। রেলগাড়ি কখন আসবে ?
- ২২। ছোট্ট একটি জেলে ডিঙি বেয়ে কে মাছ ধরতে যেত ?
- ২৩। খারচি পূজার প্রধান পুরোহিতকে কী বলে ?
- ২৪। গড়িয়া পূজা কতদিন ধরে অনুষ্ঠিত হয় ?
- ২৫। ‘কের’ শব্দটির অর্থ কী ?
- ২৬। ত্রিপুরার রাজাদের কুলদেবতার নাম কী ?
- ২৭। ‘অভাগীর স্বর্গ’ গল্পটির লেখক কে ?
- ২৮। ঠাকুরদাস মুখুঞ্জের স্ত্রী কতদিনের জ্বরে মারা যান ?
- ২৯। কাঙালির মা কোন্ জাতের মেয়ে ছিল ?
- ৩০। মরণকালে পায়ের ধুলো দিতে গিয়ে কে কেঁদে ফেলল ?

### III. নীচের প্রশ্নগজুলির উত্তর দাও :-

5x2

- ৩১। “চাই না ও অলকায় –

ভালো এই পথ-ভুল।”

(অ) উদ্ভূত অংশটির বক্তা কে ?

(আ) ‘অলকা’ শব্দটির অর্থ কী ?

(ই) বক্তার এমন কথা বলার কারণ কী ?

1+1+3

অথবা

“প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল।”

(অ) কে জঞ্জাল সরাতে চান ?

(আ) কবি পৃথিবীর জঞ্জাল বলতে কী বুঝিয়েছেন ?

(ই) জঞ্জাল সরিয়ে কবি কী করতে চান ?

1+2+2

- ৩২। “অপুকে অবশেষে জল-ভরা চোখে বাবার পিছনে পিছনে অগ্রসর হইতে হইল।”

(অ) উদ্ভূতিটি কোন্ পাঠ্যাংশের অন্তর্গত ?

(আ) অপু বাবার পেছনে পেছনে কোথায় যাচ্ছে ?

(ই) অপু চোখ জল-ভরা কেন ?

1+1+3

অথবা

“খার্চিপূজা হল ত্রিপুরীদের এক অতি জনপ্রিয় উৎসব।”

(অ) খার্চিপূজা কোন্ তিথিতে হয় ?

(আ) এই পূজায় কতজন দেবদেবী পূজিত হন ?

(ই) একে জনপ্রিয় উৎসব বলার কারণ কী ?

1+1+3

## IV. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

- ৩৩। “ছাড়পত্র” কবিতায় কবির মূল বক্তব্য সংক্ষেপে লেখো। 3
- ৩৪। “মা টের পেলে কিন্তু পিঠের ছাল তুলবে।”  
— বক্তার একথা বলার কারণ কী ? 3
- ৩৫। “ইস! ছেলের হাতের আগুন – রথকে যে আসতেই হবে।”  
(অ) এই বিশ্বাসটি কার ?  
(আ) বক্তার এমন কথা বলার কারণ কী ? 1+3

## অথবা

- “এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।”  
(অ) এখানে কার অভিজ্ঞতার কথা বলা হয়েছে ?  
(আ) উদ্ভূতিটির অর্থ সংক্ষেপে আলোচনা করো। 1+3
- ৩৬। পদ পরিবর্তন করো :- 1x6  
গ্রাম, আনন্দ, পাহাড়, ভূগোল, পরিচয়, লোভ।

## V. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :- (প্রতিটিতে তিনটি উত্তর দিতে হবে)

- ৩৭। সন্ধি বিচ্ছেদ করো :- 3  
জগদীশ, বৃষ্টি, শিরচ্ছেদ, পরিষ্কার।
- ৩৮। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো :- 3  
দশানন, শতাব্দী, ভাইফোঁটা, উপসাগর।
- ৩৯। অনুসর্গ কাকে বলে? ‘দিয়া’, ‘ছাড়া’, ‘বিনা’ ও ‘ভিন্ন’ অনুসর্গ যোগে একটি করে বাক্য গঠন করো। 3
- ৪০। একপদে পরিণত করো :- 3  
খেয়াঘাটের মাঝি, নাটকের পাত্রপাত্রীগণ, কোকিলের ডাক, ছিন্ন বস্ত্র।

## VI. নির্দেশ অনুযায়ী উত্তর দাও :-

- ৪১। তোমাদের এলাকার রাস্তাঘাট ও নর্দমার বেহাল দশার কারণে নাগরিকগণ যে দুর্ভোগের সম্মুখীন হচ্ছে, এ বিষয়ে স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ, বি.ডি.ও. বা পুরপিতার কাছে একটি পত্র লেখো। 4
- ৪২। সম্প্রতি তোমার পাড়ায় একটি রক্তদান অনুষ্ঠান হয়েছে। এই সম্পর্কে পত্রিকার জন্য একটি রিপোর্ট তৈরী কর (আশিটি শব্দের মধ্যে)। 4
- ৪৩। ভাবসম্প্রসারণ করো :- 4  
অন্যায় যে করে আর অন্যায় যে সহে,  
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।